বাংলাদেশ আওয়ামী লীগ আস্ট্রেলিয়া শাখার উদ্যোগে
বাংলাদেশ আওয়ামী লীগের ৫৯তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন

কায়সার আহমেদঃ ২২ শে জুন ২০০৮ সিডনিস্থ কা'ফে ক্লোভ-এ বিকেল ৬টায় বাংলাদেশ আওয়ামী লীগ অস্ট্রেলিয়া শাখার আয়োজনে পালিত হলো বাংলাদেশ আওয়ামী লীগের ৫৯তম প্রতিষ্ঠা বার্ষিকী। সভার শুরুতে জননেত্রী শেখ হাসিনার দ্রুত রোগ মুক্তির জন্য দোয়া করা হয়। জননেত্রীর অসুস্থতার জন্য বর্তমান সরকারকে দায়ী করেন বক্তারা। বর্তমান প্রেক্ষাপটে কেন্দ্রীয় আওয়ামী লীগের রাজনৈতিক অবস্থান চমৎকারভাবে তুলে ধরে বক্তব্য রাখেন বালাদেশ আওয়ামী লীগ অস্ট্রেলিয়া শাখার আহবায়ক ডঃ শামস রহমান । দীর্ঘ ১৩ বছরের অস্ট্রেলিয়ার আওয়ামী লীগ শাখাকে রাজনৈতিক ভাবে মৃতপ্রায় সংগঠনকে পুনরিজ্জীবিত করার চেষ্টার পুনোরুল্লেখ করেন তিনি। ডঃ শামস রহমান সেপ্টেম্বরের মধ্যে বাংলাদেশ আওয়ামী লীগ অস্ট্রেলিয়া শাখার সম্মেলনের ঘোষণা দেন। এসময় তিনি দ্ব্যার্থহীন কণ্ঠে একটি ঐক্যবদ্ধ আওয়ামী লীগ গড়ে তোলার অঙ্গীকার করেন এবং কেন্দ্রীয় নেতৃবৃন্দের উপস্থিতিতে আহুত এই সম্মেলনের সদস্য সংগ্রহের ঘোষণা দেন।

বাংলাদেশ আওয়ামী লীগ অস্ট্রেলিয়া শাখার সদস্য সচিব আনিসুর রহমান রিতু বলেন, একটি গতিশীল ও বঙ্গবন্ধুর আদর্শে বিশ্বাসী সংগঠন গড়ে তোলায় নতুন ও পুরনো নেতৃত্বের সুষম ও আদর্শিক সম্মিলনের কোন বিকল্প নাই। আওয়ামী লীগ অস্ট্রেলিয়া শাখার ওয়েব সাইটটি সুন্দরভাবে দ্রুততম সময়ে সম্পন্ন করার জন্য সংগঠনের তরুন নেতা মেহেদি হাসান শাহীন-কে ধন্যবাদ জানান।

স্বাক্ষর সংগ্রহ অভিযান সাব-কমিটির আহবায়ক আল নোমান শামীম তার বক্তব্যে জানান যে জননেত্রী শেখ হাসিনার অবৈধ আটকাদেশ প্রতিবাদে ও সমস্ত ষড়যন্ত্রমূলক মামলা অবিলম্বে প্রত্যাহারের দাবীতে সমগ্র অস্ট্রেলিয়া জুড়ে, প্রায় ৯টি জোনে বিভক্ত করে এই স্বাক্ষর সংগ্রহ করা হয় এবং কেবলমাত্র জননেত্রী শেখ হাসিনার মুক্তির বিষয়টিই এখানে জোর দেয়া হয়েছিলো। নেতা-কর্মীদের বিপুল উৎসাহ ও কর্মউদ্দীপনায় প্রায়-৬০০ এর বেশী স্বাক্ষর সংগ্রহের এই কঠিন কাজটি সুন্দরভাবে সম্পন্ন হয়েছে, যার পুরো কৃতীত্ব বাংলাদেশ আওয়ামী লীগ অস্ট্রেলিয়ান শাখার সর্বস্তরের নেতা ও কর্মীদের। বাংলাদেশ ছাত্রলীগ অস্ট্রেলিয়া শাখার অবদানকে বিশেষ ভাবে তুলে ধরনে তিনি। কেন্দ্রীয় আওয়ামী লীগের প্রত্যক্ষ নির্দেশে করা এই কাজটি পৌছে দেয়া হয়েছে কেন্দ্রের কাছে। আর এই স্বাক্ষর অভিযানে প্রবাসী বাংলাদেশী ছাড়াও স্থানীয় অস্ট্রেলিয়ানদের চোখে পড়ার মতো অংশগ্রহনই প্রমান করে শুধু আমরাই না, সমগ্র অস্ট্রেলিয়ান জাতিই আওয়ামী লীগের সভানেত্রী শেখ হাসিনার আটকাদেশের বিষয়টি নিয়ে উদ্বিগ্ন ছিলেন। ডঃ শামস রহমান সাংবাদিক সম্মেলনে স্বাক্ষর সংগ্রহ অভিযান আনুষ্ঠানিক সমাপ্তি ঘোষণা করেন।

সভায় আরো যারা বক্তব্য রাখেন তাদের মধ্যে বঙ্গবন্ধু পরিষদ অস্ট্রেলিয়া সভাপতি মো: উসমান গনি, শেখ হাসিনা মুক্তি পরিষদের আহ্বায়ক মিজানুর রহমান তরুন, বাংলাদেশ ছাত্রলীগ অস্ট্রেলিয়া সাধারন সম্পাদক অপু সারোয়ার, অন্যতম।

বাংলাদেশ আওয়ামী লীগ আস্ট্রেলিয়া শাখার সাংবাদিক সম্মেলন অফিসিয়াল ওয়েবসাইট উদ্বোধন ও গণস্বক্ষর সংগ্রহ সমাপ্তি ঘোষণা

অজবাংলা রিপোর্ট: ২২ শে জুন ২০০৮ সিডনিস্থ কা'ফে ক্লোভ-এ বিকেল ৬টায় বাংলাদেশ আওয়ামী লীগ অস্ট্রেলিয়ান শাখা কর্তৃক সাংবাদিক সম্মেলনের আয়োজন করা হয়। সম্মেলনের শুরুতে জননেত্রী শেখ হাসিনার দ্রুত রোগ মুক্তির জন্য দোয়া করা হয়। সংবাদ সম্মেলনে সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন আহ্বায়ক ড. শামস রহমান ও সদস্য-সচিব আনিসুর রহমান রিতু।

বাংলাদেশের বর্তমান রাজনৈতিক পরিবেশের উপর করা এক প্রশ্নের জবাবে বালাদেশ আওয়ামী লীগ অস্ট্রেলিয়ান শাখার আহবায়ক ডঃ শামস রহমান কেন্দ্রীয় আওয়ামী লীগের পলিসি ও রাজনৈতিক অবস্থান তুলে ধরেন। অস্ট্রেলিয়ায় দীর্ঘ ১৩ বছরের আওয়ামী রাজনৈতিক মৃতপ্রায় সংগঠনকে পুনরিজ্জীবিত করায় সম্মেলনকে বিষয়ে জোড়ালো প্রশ্নের বান ছুড়ে দেন স্থানীয় সাংবাদিকবৃন্দ। ডঃ শামস রহমান সেপ্টেম্বরের মধ্যেই বাংলাদেশ আওয়ামী লীগ অস্ট্রেলিয়ান শাখার সম্মেলনের অনুষ্ঠিত হবার কথা জানান। তিনি দ্ব্যার্থহীন কণ্ঠে সকল উপদলকে একত্রিত করে ঐক্যবদ্ধ আওয়ামী লীগের উপর জোড় দেন এবং কেন্দ্রীয় নেতৃবৃন্দের উপস্থিতিতে আহুত এই সম্মেলন অনুষ্ঠান ও সদস্য সংগ্রহের ঘোষণা দেন।

সম্মেলনের মধ্যেই সম্মিলিত সাংবাদিকদের উপস্থিতিতে বাংলাদেশ আওয়ামী লীগ অস্ট্রেলিয়ান শাখার অফিসিয়াল ওয়েবসাইট www.albd-australia.org উদ্বোধন করেন ডঃ শামস রহমান। এক প্রশ্নোত্তরে বাংলাদেশ আওয়ামী লীগ অস্ট্রেলিয়ান শাখার সদস্য সচিব আনিসুর রহমান রিতু বলেন, একটি গতিশীল ও বঙ্গবন্ধুর আদর্শে বিশ্বাসী সংগঠন গড়ে তোলায় নতুন ও পুরনো নেতৃত্বের সুষম ও আদর্শিক সম্মিলনের কোন বিকল্প নাই।

অস্ট্রেলিয়াতে জননেত্রী শেখ হাসিনার অবৈধ আটকাদেশ প্রতিবাদে ও সমস্ত ষড়যন্ত্রমূলক মামলা অবিলম্বে প্রত্যাহারের দাবীতে সমগ্র অস্ট্রেলিয়া জুড়ে স্বাক্ষর সংগ্রহ অভিযান নিয়ে প্রশ্ন করা হলে সাব-কমিটির আহবায়ক আল নোমান শামীম বলেন, প্রায় ৯টি জোনে বিভক্ত করে এই স্বাক্ষর সংগ্রহ করা হয় এবং কেবলমাত্র জননেত্রী শেখ হাসিনার মুক্তির বিষয়টিই এখানে জোর দেয়া হয়। নেতা-কর্মীদের বিপুল উৎসাহ ও কর্মউদ্দীপনায় প্রায়-৬০০ এর বেশী স্বাক্ষর সংগ্রহের এই কঠিন কাজটি সুন্দরভাবে সম্পন্ন হয়েছে, যার পুরো কৃতীত্ব বাংলাদেশ আওয়ামী লীগ অস্ট্রেলিয়ান শাখার সর্বস্তরের নেতা ও কর্মীদের।

ডতনি জানান যে বাংলাদেশ ছাত্রলীগ অস্ট্রেলিয়া শাখার অবদানকে বিশেষ ভাবে তুলে ধরার মত। কেন্দ্রীয় আওয়ামী লীগের প্রত্যক্ষ নির্দেশে করা এই কাজটি পৌছে দেয়া হয়েছে কেন্দ্রের কাছে। আর এই স্বাক্ষর অভিযানে প্রবাসী বাংলাদেশী ছাড়াও স্থানীয় অস্ট্রেলিয়ানদের চোখে পড়ার মতো অংশগ্রহনই প্রমান করে শুধু আমরাই না, সমগ্র অস্ট্রেলিয়ান জাতিই আওয়ামী লীগের সভানেত্রী শেখ হাসিনার আটকাদেশের বিষয়টি নিয়ে উদ্বিগ্ন ছিলেন।

সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন স্বদেশ বার্তা সম্পাদক লুৎফর রহমান শাওন, দৈনিক জনকণ্ঠের ফজলুল বারী, একুশে বেতার রেডিও কর্ণধার মিজানুর রহমান তরুন, বেতার বাংলার পরিচালক হারুন রশিদ আজাদ, ভয়েস অব বাংলাদেশ রেডিও থেকে ডঃ নারগিস বানু, অজবাংলা রেডিও থেকে শাহিন মোহাম্মদ আমান উল্লাহ প্রধান, মুক্তমঞ্চ পত্রিকার ফরিদ হাসান।